Sher-e-Bangla Agricultural University

2ND CONVOCATION 2027

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলি

Frequently Asked Questions (FAQ)

AT A GLANCE

এক নজরে সমাবর্তন সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি

- সমাবর্তন রেজিস্ট্রেশন ফি: ৩,০০০/= টাকা
- স্নাতক ডিগ্রী সনদ ফি: ১,০০০/= টাকা
- এমএস/এমবিএ/স্নাতকোত্তর ডিগ্রী সনদ ফি: ১,৫০০/= টাকা
- পিএইচডি ডিগ্রী সনদ ফি: ২,০০০/= টাকা
- গেস্ট ফি / সর্বোচ্চ সংখ্যা (৫ বছর বয়সের উর্ধ্বে): ১০০০/= টাকা জন প্রতি / সর্বোচ্চ ৩ জন
- রেজিস্ট্রেশনের শুরুর তারিখ: ০১ নভেম্বর ২০২৬ খ্রী:
- রেজিস্ট্রেশনের শেষ তারিখ: ০৭ ডিসেম্বর ২০২৬ খ্রী:
- কনভোকেশনের তারিখ: ০৬ ফেব্রুয়ারী ২০২৭ খ্রী:
- কনভোকেশনের ভেন্যু: শেকৃবি ক্যাম্পাস
- আইডি কার্ড সংগ্রহের তারিখ ও স্থান: ০৪ ও ০৫ ফেব্রুয়ারী ২০২৭ খ্রী:/শেকৃবি ক্যাম্পাস
- গাউন ও কনভোকেশন কিট সংগ্রহের তারিখ ও স্থান: ০৫ ফেব্রুয়ারী ২০২৭ খ্রী:/শেকৃবি ক্যাম্পাস
- যোগাযোগ: রেজিস্ট্রার, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭। ফোন: +৮৮০২৪৪৮১৪০০৬
- হেল্পলাইন ইমেইল: helpdesk1@sau.edu.bd, helpdesk2@sau.edu.bd

১ SAU কনভোকেশন ২০২৭-এ কারা অংশগ্রহণ করতে পারবেন?

০১ নভেম্বর ২০১৫ থেকে ৭ই ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয় হতে স্নাতক, এমএস/এমবিএ/স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রি অর্জনকারী সকল শিক্ষার্থী অত্র সমাবর্তনে অংশগ্রহনের জন্য রেজিস্ট্রেশন করতে পারবেন। এছাড়া শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের তৎকালীন অধিভুক্ত ঝিনাইদহ ভেটেরিনারী কলেজের (পাশের সেসন ২০১৮ ও ২০১৯) স্নাতক এবং আইইডিসিআর-এর সংশ্লিষ্ট স্নাতকোত্তর ডিগ্রীধারীগণ অত্র সমাবর্তনে অংশগ্রহন করতে পারবেন।

২ রেজিস্ট্রেশন কোথায় এবং কীভাবে করব?

অফিসিয়াল রেজিস্ট্রেশন পোর্টালে গিয়ে অনলাইনে আবেদন করতে হবে।
পোর্টাল ওয়েব লিংক: www.sau.edu.bd অথবা https://convocation.sau.edu.bd/
রেজিস্ট্রেশন প্রক্রিয়ার বিস্তারিত বিবরণ জানার জন্য শেকৃবি ২য় কনভোকেশনের পোর্টাল ওয়েব লিংকে প্রবেশ করে “SAU Convocation Registration & Payment Guidelines” অনুসরণ করুন।

৩ আগে অন্য কোনো কনভোকেশনে অংশ নিয়ে থাকলে কি আবার নিবন্ধন করা যাবে?
৩১ অক্টোবর ২০১৫ পর্যন্ত সময়ের মধ্যে যারা শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় হতে বিভিন্ন পর্যায়ের ডিগ্রী অর্জন করেছিলেন তারা ২০১৬ সালে অনুষ্ঠিত শেকৃবি প্রথম কনভোকেশনে অংশ নিয়েছিলেন। ফলে তারা শেকৃবি'র দ্বিতীয় কনভোকেশনে অংশ নিতে পারবেন না। কিন্তু প্রথম কনভোকেশনে অংশ নেওয়া কোন শিক্ষার্থী যদি ৩১ অক্টোবর ২০১৫ খ্রী: সময়ের পর (অর্থাৎ ০১ নভেম্বর ২০১৫ হতে ০৭ ডিসেম্বর ২০২৬ খ্রী: সময়ের মধ্যে) পুনরায় শেকৃবি হতে দ্বিতীয় কিংবা তৃতীয় ডিগ্রী অর্জন করেন, তারা দ্বিতীয় কনভোকেশনে অংশ নিতে পারবেন।

৪ আমি দেশের বাইরে থাকি। কীভাবে নিবন্ধন করব?
প্রবাসী অ্যালামনাইরা একই অনলাইন পোর্টালের ওয়েব লিংক এ প্রবেশ করে নিবন্ধন করতে পারবেন। সেক্ষেত্রে রেজিস্ট্রেশন করার সময় বিদেশি মোবাইল ব্যবহার না করে OTP পাওয়ার জন্য আপনার ইমেইল ব্যবহার করুন এবং পেমেন্টের মাধ্যম (আন্তর্জাতিক ভিসা কার্ড/মাস্টার কার্ড) ব্যবহার করতে পারবেন। বিস্তারিত জানার জন্য শেকৃবি ২য় কনভোকেশনের ওয়েব লিংকে প্রবেশ করে "SAU Convocation Registration & Payment Guidelines" অনুসরণ করুন। প্রয়োজনে পোর্টালে প্রদর্শিত "Help Desk" এর মাধ্যমে সহায়তা পরামর্শ গ্রহন করতে পারেন।

৫ কনভোকেশনে অংশগ্রহনের জন্য রেজিস্ট্রেশন ও সনদ ফি কত?
সমাবর্তনে অংশগ্রহন করার জন্য রেজিস্ট্রেশন ও সনদ বাবদ প্রদেয় ফি উপরে উল্লেখিত "এক নজরে সমাবর্তন সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি" সংক্রান্ত সারণীতে প্রদান করা হয়েছে।
উল্লেখ্য যে, সমাবর্তনে অংশগ্রহনের জন্য প্রদেয় রেজিস্ট্রেশন ফি এর সাথে উপরে উল্লেখিত প্রতিটি ডিগ্রীর জন্য সনদ ফি আলাদাভাবে প্রদান করতে হবে। তবে কোন শিক্ষার্থী উপরোক্ত কোন একটি ডিগ্রীর মূল সনদ ইতোমধ্যে উত্তোলন করে থাকলে তার জন্য সনদ ফি প্রযোজ্য নয়, কিন্তু উক্ত শিক্ষার্থী শুধুমাত্র রেজিস্ট্রেশন ফি প্রদান করে সমাবর্তনে অংশগ্রহন করতে পারবেন। তবে একাধিক ডিগ্রী অর্জন করে থাকলে দ্বিতীয় বা তৃতীয় ডিগ্রীর মধ্যে অন্তত একটি ডিগ্রীর সনদ ফি প্রদান করতে হবে।

৬ একাধিক ডিগ্রির (More than One Degree) জন্য ফি কত?
প্রতিটি ডিগ্রি (যেমন স্নাতক, স্নাতকোত্তর ও পিএইচডি)-এর জন্য আলাদাভাবে সনদ ফি প্রদান করতে হবে।

৭ রেজিস্ট্রেশন ফি কি ফেরতযোগ্য?
অফেরতযোগ্য

৮ অনুষ্ঠানে কি গেস্ট নিয়ে আসা যাবে?
হ্যাঁ, প্রতি অ্যালামনাই সর্বোচ্চ ৩ (তিন) জন গেস্ট আনতে পারবেন। তবে পাঁচ (৫) বছরের নিচে কোন গেস্ট গ্রহনযোগ্য নয়।

৯ গেস্টের জন্য আলাদা ফি আছে কি? কীভাবে নিবন্ধন করব?
গেস্ট প্রতি ফি: ১০০০/= (এক হাজার) টাকা। গেস্টের নিবন্ধন অ্যালামনাইয়ের রেজিস্ট্রেশনের সময়ই (একই পোর্টালে) সম্পন্ন করতে হবে। গেস্টের নাম, সম্পর্ক ও মোবাইল নম্বর দিতে হতে পারে।

১০ শিশুদের জন্য কি আলাদা নিয়ম আছে?
(ক) শিশুদের বয়সসীমা: ০৫ (পাঁচ) বছরের উর্ধ্বে।
(খ) প্রবেশ, ফি ও আসন সংক্রান্ত নিয়ম: কনভোকেশনের মূল পেন্ডেলে কোন গেস্ট প্রবেশ করতে পারবেন না। তাদের জন্য শেকৃবি টিএসসি কমপ্লেক্সে আলাদাভাবে আসন ব্যবস্থা থাকবে।

১১ রেজিস্ট্রেশন কবে শুরু ও কবে শেষ?
• রেজিস্ট্রেশন শুরু: ০১ নভেম্বর ২০২৬ খ্রীস্টাব্দ
• রেজিস্ট্রেশন শেষ: ০৭ ডিসেম্বর ২০২৬ খ্রীস্টাব্দ
• পেমেন্টের শেষ সময়: পোর্টালে অনলাইন রেজিস্ট্রেশনের সময়।
• ID কার্ড, গাউন ও কিট সংগ্রহ: ০৪ ও ০৫ ফেব্রুয়ারী ২০২৭ খ্রীস্টাব্দ
• সমাবর্তন চূড়ান্ত অনুষ্ঠান: ০৬ ফেব্রুয়ারী ২০২৭ খ্রীস্টাব্দ
বিশেষ দ্রষ্টব্য: তবে উপরোক্ত বিষয়ে হালনাগাদ তথ্যের জন্য অফিসিয়াল পোর্টালে নিয়মিত খেয়াল রাখুন।

১২ নির্ধারিত সময়ের পর কি রেজিস্ট্রেশন করা যাবে? সময় কি বাড়বে?
নির্ধারিত সময়ের পর রেজিস্ট্রেশন করা যাবে না এবং সময় বাড়বে না। তবে হালনাগাদ তথ্যের জন্য অফিসিয়াল পোর্টাল ও ফেসবুক পেজে নিয়মিত খেয়াল রাখুন।

১৩ অনুষ্ঠানের দিন স্পট রেজিস্ট্রেশন থাকবে কি?
না।

১৪ রেজিস্ট্রেশন সংক্রান্ত কোনো প্রশ্ন বা সমস্যা হলে কার সঙ্গে যোগাযোগ করব?
• হেল্পডেস্ক: helpdesk1@sau.edu.bd and helpdesk2@sau.edu.bd
• হেল্পডেস্কের সময়: ফোনে অফিস চলাকালীন সময়। তবে ইমেইলে যেকোন সময়।

১৫ যোগাযোগের সময় কী তথ্য হাতের কাছে রাখব?
আপনার পূর্ণ নাম, একাডেমিক রেজিস্ট্রেশন নম্বর, পাশের সেশন/সাল, নিবন্ধিত মোবাইল নম্বর, রেজিস্ট্রেশন আইডি এবং পেমেন্ট হলে ট্রানজ্যাকশন আইডি (ইনভয়েস বা পেমেন্ট স্লিপ-এ উল্লেখিত) সঙ্গে রাখলে দ্রুত সহায়তা পাবেন।

১৬ আইডি কার্ড কোথায় এবং কখন সংগ্রহ করব?
রিসিপশন ডেস্ক/স্থান (প্রস্তাবিত):
বুথ নং-১: কৃষি অনুষদের স্নাতক ও এমএস ডিগ্রীধারীদের জন্য কৃষি অনুষদ ভবনের কৃষিতত্ত্ব বিভাগ।
বুথ নং-২: কৃষি অনুষদের স্নাতক ও এমএস ডিগ্রীধারীদের জন্য কৃষি অনুষদ ভবনের উদ্যানতত্ত্ব বিভাগ।
বুথ নং-৩: কৃষি অনুষদের স্নাতক ও এমএস ডিগ্রীধারীদের জন্য কৃষি অনুষদ ভবনের কীটতত্ত্ব বিভাগ।
বুথ নং-৪: কৃষি অনুষদের স্নাতক ও এমএস ডিগ্রীধারীদের জন্য কৃষি অনুষদ ভবনের উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ।
বুথ নং-৫: সকল পিএইচডি ডিগ্রীধারীদের জন্য কৃষি অনুষদ ভবনের কৃষি রসায়ন বিভাগ।
বুথ নং-৬: এগ্রিবিজনেজ মেনেজমেন্ট অনুষদের সকল ডিগ্রীধারীদের জন্য একই অনুষদের ডীন অফিস।
বুথ নং-৭: এনিম্যাল সাইয়েন্স এন্ড ভেটেরিনারী অনুষদের ডিগ্রীধারীদের জন্য একই অনুষদের ডীন অফিস; এবং
বুথ নং-৮: ফিসারিজ ও মেরিন সাইয়েন্স অনুষদের ডিগ্রীধারীদের জন্য একই অনুষদের ডীন অফিস।
তারিখ: ০৪ ও ০৫ ফেব্রুয়ারী ২০২৭ খ্রীস্টাব্দ।
সময়: অফিস চলাকালীন সময়।
বিশেষ দ্রষ্টব্য: বুথ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য অফিসিয়াল পোর্টালে নিয়মিত খেয়াল রাখুন।

১৭ আইডি কার্ড সংগ্রহের সময় কী কী সঙ্গে আনতে হবে?
• রেজিস্ট্রেশন কনফার্মেশন/পেমেন্ট রসিদের প্রিন্ট বা মোবাইল স্ক্রিনশট

১৮ আইডি কার্ড ছাড়া কি অনুষ্ঠানে প্রবেশ করা যাবে?
না। নিরাপত্তার কারণে আইডি কার্ড বা নির্ধারিত প্রবেশপত্র ছাড়া ভেন্যুতে প্রবেশ করা যাবে না। কার্ডটি পুরো অনুষ্ঠানে সঙ্গে রাখুন।

১৯ কনভোকেশন কোথায় অনুষ্ঠিত হবে?
ভেন্যু: শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। তবে হালনাগাদ তথ্যের জন্য অফিসিয়াল পোর্টালে নিয়মিত খেয়াল রাখুন।

২০ গাড়ি পার্কিং ও যাতায়াত ব্যবস্থা কেমন হবে?
পার্কিংয়ের স্থান ও নিয়ম: বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আপনার গাড়ির পার্কিং ব্যবস্থা থাকবে। তবে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে কোন পরিবহন/শাটল সার্ভিস থাকবে না। যানজট এড়াতে নির্ধারিত সময়ের আগেই পৌঁছানোর পরামর্শ দেওয়া হচ্ছে।

২১ দূরের অ্যালামনাইদের জন্য কি থাকার ব্যবস্থা থাকবে?
সুনির্দিষ্ট কোন ব্যবস্থা নাই।
বিশেষ দ্রষ্টব্য: হালনাগাদ তথ্যের জন্য অফিসিয়াল পোর্টালে নিয়মিত খেয়াল রাখুন।

২২ অনুষ্ঠানের দিনের সময়সূচি কী?
কনভোকেশনের তারিখ: ০৬ ফেব্রুয়ারী ২০২৭ খ্রীস্টাব্দ। তবে প্রস্তাবিত সূচি চূড়ান্ত হওয়ার সাথে সাথে হালনাগাদ তথ্য পোর্টালে আপডেট দেওয়া হবে। সেজন্য হালনাগাদ তথ্যের জন্য অফিসিয়াল পোর্টালে নিয়মিত খেয়াল রাখুন।

২৩ কোন কোন মাধ্যমে ফি পরিশোধ করা যাবে?
• অনলাইনে পেমেন্ট করার জন্য "Cards/Mobile Banking/Net Banking" এর মধ্য হতে আপনার পছন্দনীয় অপশন (যেমন: bKash / Nagad / Rocket, Visa / Mastercard / MX card, ইত্যাদি)-এর লোকাল অথবা ইন্টারন্যাশনাল উভয় মাধ্যমের যে কোন একটি নির্বাচনের মাধ্যমে পেমেন্ট করা যাবে।
• উল্লেখ্য যে, কনভোকেশন রেজিস্ট্রেশন এবং সনদ "ফি" এর অতিরিক্ত হিসাবে অনলাইন পেমেন্ট চার্জ আবেদনকারীকে বহন করতে হবে।

২৪ পেমেন্ট করার ধাপগুলো কী?
• পেমেন্ট সংক্রান্ত: রেজিস্ট্রেশন ফরম পূরণ করে "Proceed to Payment" পেইজে আপনি রেজিস্ট্রেশন ফি এবং যে কয়টির চেক/টিক বক্সে "টিক" চিহ্ন প্রদান করেছেন তার ফি সামারী দেখতে পাবেন। অত:পর, ফি প্রদান করার জন্য "Proceed to Payment" বাটনে ক্লিক করুন।
• ইনভয়েস (Invoice): এই পেইজে উল্লেখিত সকল তথ্যাদি নিশ্চিত করার পর "Pay Now" বাটনে ক্লিক করুন। সংরক্ষণের জন্য "Invoice"-টি প্রিন্ট/সেইভ করতে পারেন।
• অনলাইন পেমেন্ট: এবার পেমেন্ট অপশন যেমন "Cards/Mobile Banking/Net Banking" এর মধ্য হতে আপনার পছন্দনীয় অপশন নির্বাচনের মাধ্যমে পেমেন্ট করুন।
• পেমেন্ট নিশ্চিতকরণ: আপনার পেমেন্ট সফল হলে আপনার ছবি ও নামসহ পেইজ দেখা যাবে এবং নামের নিচে "Registration Confirmed" লেখা প্রদর্শিত হবে, অন্যথায় "Payment Pending" লেখা প্রদর্শিত হবে।
• পেমেন্ট সম্পন্ন হলে স্ক্রিনে ও এসএমএস/ইমেইলে কনফার্মেশন আসবে।
• পেমেন্ট রসিদ ও ট্রানজ্যাকশন আইডি সংরক্ষণ করুন।

২৫ টাকা কেটে নেওয়া হয়েছে কিন্তু রেজিস্ট্রেশন "Pending/Failed" দেখাচ্ছে। কী করব?
প্রথমে কিছুক্ষণ অপেক্ষা করে পোর্টাল রিফ্রেশ করুন এবং আবার পেমেন্ট করবেন না।
এধরণের পেমেন্ট জটিলতা দেখা দিলে যেমন প্রযোজ্য "ফি" কর্তন করার পরও "Registration Confirmed" লেখা প্রদর্শিত না হলে অথবা "Payment Pending" লেখা প্রদর্শিত হলে, বা অন্য কোন জটিলতা দেখা দিলে "Help Desk" বাটনে ক্লিক করে সংযুক্ত ইমেইল-এর মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা গ্রহন করতে পারবেন।

২৬ পেমেন্ট করার পর কীভাবে নিশ্চিত হব যে রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে?
পোর্টালে লগইন করে স্ট্যাটাস "Registration Confirmed" দেখুন এবং কনফার্মেশন ইমেইল/এসএমএস যাচাই করুন। স্ট্যাটাস না বদলালে হেল্পডেস্কে জানান।

২৭ পেমেন্টের সময় কি কোনো সার্ভিস চার্জ যুক্ত হবে?
পেমেন্ট গেটওয়ে/মোবাইল ব্যাংকিং সেবাদাতা প্রতিষ্ঠান লেনদেনের ওপর নির্ধারিত সার্ভিস চার্জ কর্তন করে। সার্ভিস চার্জ কর্তনের হার ১.৩% যা রেজিস্ট্রেশন ও সনদ ফি-এর অতিরিক্ত হিসাবে অ্যালামনাই বহন করবেন।

২৮ আমি কত টাকা দেব তা কীভাবে বুঝব?
পেমেন্ট পেজে মোট প্রদেয় অর্থ (রেজিস্ট্রেশন ফি + সনদ ফি + গেস্ট ফি + সার্ভিস চার্জ) প্রদর্শিত হবে। নিশ্চিত করার পরই পেমেন্ট সম্পন্ন করুন।

২৯ OTP কী এবং কেন প্রয়োজন?
OTP (One-Time Password) একটি এককালীন নিরাপত্তা কোড, যা আপনার মোবাইল/ইমেইলে পাঠিয়ে আপনার পরিচয় যাচাই করা হয় এবং অন্যের নামে ভুয়া নিবন্ধন রোধ করে।

৩০ OTP পেতে কী কী সতর্কতা অবলম্বন করব?
- নিবন্ধনের সময় আপনার ব্যবহৃত ও সক্রিয় মোবাইল নম্বর/ইমেইল দিন।
- মোবাইলে নেটওয়ার্ক ও এসএমএস ইনবক্স ফাঁকা আছে কি না দেখুন।
- ইমেইলে OTP এলে Spam/Junk/Promotions ফোল্ডারও দেখুন।
- OTP-এর মেয়াদ সাধারণত ০৫ মিনিট; মেয়াদ শেষ হওয়ার আগেই ব্যবহার করুন।

৩১ OTP না এলে কী করব?
- ১–২ মিনিট অপেক্ষা করুন, তারপর “Resend OTP” চাপুন।
- বারবার দ্রুত Resend চাপবেন না; এতে সাময়িকভাবে ব্লক হতে পারে।
- মোবাইল নম্বর সঠিক কি না এবং DND/ব্লক সেবা চালু আছে কি না যাচাই করুন।
- তবুও না এলে অন্য মোবাইল নম্বর/ইমেইল ব্যবহার করে চেষ্টা করুন অথবা হেল্পডেস্কে যোগাযোগ করুন।

৩২ OTP কি অন্য কারও সঙ্গে শেয়ার করা যাবে?
কখনোই না। বিশ্ববিদ্যালয়ের কোনো প্রতিনিধিও ফোন বা মেসেজে OTP চাইবেন না। কেউ চাইলে তা প্রতারণা বলে বিবেচনা করুন।

৩৩ বিদেশে থাকলে OTP পাব কীভাবে?
আপনার মোবাইল নম্বর এর রোমিং সক্রিয় আছে কি না নিশ্চিত করুন অথবা ইমেইল OTP বিকল্প ব্যবহার করুন। প্রয়োজনে হেল্পডেস্কের মাধ্যমে ম্যানুয়াল যাচাইয়ের ব্যবস্থা বিদ্যমান আছে।

৩৪ নিবন্ধনের পর তথ্য (নাম বানান, ডিগ্রি ইত্যাদি) ভুল থাকলে কীভাবে সংশোধন করব?
সংশোধনের জন্য সাথে সাথেই হেল্পডেস্ক এর ইমেইলে প্রমাণপত্রসহ আবেদন করুন; সনদের নাম বিশ্ববিদ্যালয়ের রেকর্ড অনুযায়ীই ছাপা হবে।

৩৫ নিরাপত্তা ব্যবস্থা কেমন থাকবে এবং কী কী নিষিদ্ধ?
প্রবেশদ্বারে তল্লাশি ও আইডি কার্ড যাচাই করা হতে পারে। নিষিদ্ধ বস্তু: কলম, ড্রোন/ক্যামেরা। মূল্যবান জিনিস সঙ্গে না আনার অনুরোধ রইল।

আরও প্রশ্ন? **Help Desk**: helpdesk1@sau.edu.bd · helpdesk2@sau.edu.bd · **convocation.sau.edu.bd**